# উপজেলা পরিষদ কার্যালয়

লালমনিরহাট সদর, লালমনিরহাট

**বিষয় : উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৫ মাসের মাসিক সভার সংক্ষিপ্ত কার্যবিবরণী।**

**সভাপতি : অভিজিত চৌধুরী**
প্রশাসক, উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট

তারিখ : ২০/০১/২০২৫খ্রি.

সময় : সকাল ১১.৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, লালমনিরহাট সদর

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর গত ১৭/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত এবং গৃহিত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর, লালমনিরহাট | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে এ উপজেলার ৩৮টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে সপ্তাহে ০৬ (ছয়)দিন সকাল ৯.০০টা হতে বিকাল ৩.০০টা পর্যন্ত ২৭ প্রকার ঔষধ বিতরণ, ০৪টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে সপ্তাহে ৬ (ছয়) দিন জনসাধারণের মাঝে সেবা প্রদান অব্যাহত রয়েছে এবং মাঠ পর্যায়ে স্বাস্থ্য কর্মীদের মাধ্যমে ২১৬ টি টিকাদান কেন্দ্রে মা, শিশু ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও সকল গর্ভবতী মাকে রেজিষ্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা প্রদানের পাশাপাশি সকল কার্যক্রম প্রতি মাসের ১-৫ তারিখের মধ্যে অনলাইনে এন্ট্রি করা হচ্ছে। তিনি সভায় আরো জানান যে, বর্তমানে শীতজনিত কারণে বিশেষ করে বয়স্ক ও শিশুরা নিউমোনিয়া, হাপানি রোগসহ বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে। অসুস্থ্য হলে বাড়িতে বিলম্ব না করে ডাক্তারের পরামর্শ গ্রহণ করতে হবে। প্রয়োজন অনুযায়ী হাসপাতালে ভর্তি করতে হবে।<br><br>তিনি সভায় আরো জানান যে, এ বছর বাংলাদেশের ঢাকায় এইচএমপিভি রোগি সনাক্ত হয়েছে। এইচএমপিভি একটি শ্বাসযন্ত্রের ভাইরাস, যা ওপরের এবং নীচের শ্বাসযন্ত্রের সংক্রমণ ঘটায় এটি সব বয়সের ব্যক্তিদের প্রভাবিত করে। এটি কোভিড-১৯ এর মতই ভয়াবহ একটি ভাইরাস। তবে শিশু, বয়স্ক এবং যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা কম, তাদের জন্য ভাইরাসটি সবচেয়ে ঝুঁকিপূর্ণ। এইচএমপিভির উপসর্গগুলো ফ্লু এবং অন্যান্য শ্বাসযন্ত্রের সংক্রমণের মতোই। সাধারণ উপসর্গের মধ্যে রয়েছে কাশি, জ্বর, নাক বন্ধ হওয়া এবং শ্বাসকষ্ট। গুরুতর ক্ষেত্রে, ভাইরাস ব্রঙ্কাইটিস বা নিউমোনিয়ার মতো জটিলতা সৃষ্টি করতে পারে। তাই কোন রোগির এই লক্ষনগুলো দেখামাত্রই হাসপাতালে ভর্তি করাতে হবে। এছাড়া মাঠ পর্যায়ে জনসচেতনতামূলক স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে।<br><br>সভায় তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার দৃষ্টি আকর্ষন করে জানান যে, বিভিন্ন চাকুরির পত্রিকায় কমিউনিটি ক্লিনিকগুলোতে স্বাস্থ্যসহকারীসহ বিভিন্ন পদে নিয়োগের বিজ্ঞাপন প্রকাশ করা হচ্ছে। এগুলো দেখে অনেক বেকার মেয়েরা দরখাস্ত করতে তথ্যসেবা কার্যালয়ে আসছে। এতে করে দেখা যাচ্ছে এ উপজেলার অনেকেই প্রতারিত হবে। খোঁজ নিয়ে যানা যায় বিষয়টি সত্যি প্রত্যারনামূলক এবং ভূয়া বিজ্ঞাপন। এ বিষয়ে স্বাস্থ্য বিভাগের পদক্ষেপ নেওয়া প্রয়োজন। | ১) এ উপজেলার কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে মাঠ পর্যায়ে স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য কর্মীদের টিকাদান কেন্দ্রে মা, শিশু-কিশোর ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদানের পাশাপাশি সকল গর্ভবতী মাকে রেজিষ্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে।<br><br>২) এইচএমপিভি রোগের বিষয়ে সচেতনতাবৃদ্ধির লক্ষ্যে প্রচার প্রচারনা চালাতে হবে।<br><br>চাকুরির ভূয়া বিজ্ঞপ্তির বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার কার্যালয় হতে সকল ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি ও ব্যাপক প্রচার চালাতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |

<table>
<tr>
<td>০২</td>
<td>উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট</td>
<td>উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, চলতি বোরো মৌসুমে ১১৫৬০ হেক্টর জমিতে বোরো ধানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল অর্জন হয়েছে ৭০%, সরিষার লক্ষ্যমাত্রা ছিল ১২৫০ অর্জন হয়েছে ৭৮০।<br>বর্তমানে এ উপজেলায় রাসায়নিক সারের কোন সংকট নেই। এছাড়া প্রণোদনা কর্মসূচীর আওতায় গম-২১০ জন, ভুট্টা-১২০০ জন, শীতকালীন পেঁয়াজ ৪০ জন ও হাইব্রিড বোরো ধান বীজ ৪০০০ জন, চিনাবাদাম-৮০ জন, ভুট্টা-১২০০ জন কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে। প্রণোদনা সমলয় চাষাবাদ (বোরো) ৫০ হেঃ, সমলয় বীজ সহায়তা (বোরা) ৫০ হেঃ, শাকসবজি ২৭০০ হেঃ, আলু ৪০২০ হেঃ, ভুট্টা ২১০০ হেঃ রোপন করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td>
<td>১) চলতি মৌসুমে বিতরণকৃত কৃষি প্রণোদনার বীজ ও সার যথাযথভাবে মাঠ পর্যায়ের কৃষরা যেন রোপন/চাষাবাদ করেন এ বিষয়ে উপসহকারী কৃষি কর্মকর্তাদের মনিটরিং বৃদ্ধি কতে হবে।<br><br>২) সারের দোকানগুলো নিয়মিত মনিটরিং করতে হবে কোথাও কোন অনিয়ম পরিলক্ষিত হলে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>০৩</td>
<td>উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতাল, সদর, লালমনিরহাট</td>
<td>উপজেলা ভেটেরিনারি কর্মকর্তা সভায় জানান যে, ইতোমধ্যে এ উপজেলায় সকল ইউনিয়নে গবাদি পশু ছাগলের পিপিআর রোগের ভ্যাক্সিনেশন ক্যাম্পেইনের মাধ্যমে প্রদান সফল ভাবে শেষ হয়েছে। যদি এর পরেও কোন গবাদি পশু (ছাগল) এই ভ্যাকসিনেশনের আওতায় না এসে থাকে উপজেলা প্রাণীসম্পদ অফিসে এসে ভ্যাকসিন নেওয়া যাবে।<br><br>তিনি সভায় আরো জানান যে, গত অক্টোবর মাসের মাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা পরিষদ চেয়ারম্যান কোয়াটার এবং উপজেলা প্রাণিসম্পদ অফিসের পাশে অবস্থিত উপজেলা যুব উন্নয়ন অফিসের পুরাতন পরিত্যক্ত ভবনটি ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। যে কোন সময় ভেঙ্গে পরার সম্ভাবনা থাকায় ভবনটি যতদ্রুত সম্ভব অপসারনের জন্য কনডেম ঘোষনার নিমিত্ত প্রাক্কলন প্রস্তুত করে পরবর্তী মাসের মাসিক সভা পেশ করার কথা থাকলেও এখনো কোন পদক্ষেপ নেওয়া হয়নি। তিনি সভায় ভবনটি অপসারনের জন্য পুন:রায় অনুরোধ জানান।</td>
<td>(ক) মাঠ পর্যায়ে খামারিদের গবাদি পশুর সংক্রমক রোগের বিস্তাররোধে ভেটেরিনারি মেডিকেল টিমের তৎপরতা বৃদ্ধি করতে হবে । পিপিআর রোগের ভ্যাক্সিনেশনের বিষয়ে ব্যাপক প্রচার প্রচারনা চালাতে হবে।<br><br>(খ) উপজেলা যুব উন্নয়ন অফিসের পুরাতন পরিত্যক্ত ভবন এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান কোয়ার্টার সরেজমিনে পরিদর্শনপূর্বক কনডেম ঘোষনার নিমিত্ত প্রাক্কলন প্রস্তুতপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>সিনিয়র উপজো মৎস্য অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় নিম্নোক্তভাবে তার দাপ্তরিক কার্যক্রম উপস্থাপন করেন:<br><table><tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>সংখ্যা</th></tr><tr><td>০১</td><td>জাটকা সংরক্ষণে অভিযান</td><td>০২টি</td></tr><tr><td>০২</td><td>মৎস্য চাষীকে পরামর্শ প্রদান</td><td>২২জন</td></tr><tr><td>০৩</td><td>মৎস্য চাষীর খামার পরিদর্শন</td><td>১১টি</td></tr><tr><td>০৪</td><td>মৎস্য চাষীর পুকুরের পানির গুনাগুণ পরীক্ষা</td><td>১১টি</td></tr><tr><td>০৫</td><td>মৎস্য বাজার ও আড়ত পরিদর্শন</td><td>০৯টি</td></tr><tr><td>০৬</td><td>মৎস্য অভয়াশ্রম মেরামত</td><td>০১টি</td></tr><tr><td>০৭</td><td>মৎস্য চাষির প্রশিক্ষণ</td><td>২০জন</td></tr></table><br>এছাড়া সভায় মৎস্য অধিদপ্তর, ইলিশ ব্যবস্থাপনা শাখা এর ৩০/১০/২০২৪ খ্রি. তারিখের ৩৩.০২.০০০০.৯২৭.৩১.০০১.২৪-৯৬ নং স্মারকের পত্রটি সভায় উপস্থাপন করা হয়। পত্রে দেশের বাজারে ইলিশ সহজলভ্য করার জন্য ইলিশ পাচার রোধে জেলা ও উপজেলা পর্যায়ের কমিটির নিয়মিত সভায় এ বিষয়ে এজেন্ডাভুক্ত করার নির্দেশনা প্রদান করেছেন। ইলিশ পাচার রোধে সীমান্ত এলাকায় কঠোর মনিটরিং এর উপর গুরুত্বারোপ করা হয়।</td>
<td>(ক) মৎস্য চাষীদের মাছের রোগবালাই প্রতিরোধে নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে এবং মৎস্য খামারসমূহ নিয়মিত মনিটরিংসহ দেশীয় প্রজাতির মাছ চাষে চাষিদের উদ্বুদ্ধ করতে হবে।<br>অবৈধ পদ্ধতিতে দেশীয় মাছ শিকাররোধে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।<br><br>(খ) ইলিশ পাচার রোধে সীমান্ত এলাকায় নজরদারি বৃদ্ধি করতে হবে।</td>
<td>সি: উপজেলা মৎস্য কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট</td>
<td>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, এ উপজেলায় ১৪৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১০০ ভাগ নতুন বছরের পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। আজকে থেকে অনলাইনের মাধ্যমে শিক্ষক বদলির আবেদন গ্রহণ করা হচ্ছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td>
<td>সরকারি সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত পাঠদান পরিচালনাসহ মনিটরিং জোরদার করতে হবে। শিক্ষার্থীদের ঝড়ে পড়ারোধ কল্পে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার/সংশ্লিষ্ট সকল</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, সদর, লালমনিরহাট | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, এ বছর নতুন শিক্ষাবর্ষের বই এখনো এসে পৌছায়নি। ১লা জানুয়ারি উৎসব পালিত হচ্ছে না। নতুন শিক্ষা বর্ষের বই এসে পৌছানো মাত্রই স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে যতদ্রুত সম্ভব পৌছানো হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারি সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত পাঠদান পরিচালনাসহ মনিটরিং জোরদার করতে হবে। শিক্ষার্থীদের ঝড়ে পড়ারোধ কল্পে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| ৭ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৮ | উপজেলা প্রকৌশলীর কার্যালয় | (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি'র) এবং উপজেলা রাজস্ব উন্নয়ন তহবিল এর প্রকল্প গ্রহণের জন্য গত সভার সিদ্ধান্ত অনুযায়ী সকল ইউনিয়ন পরিষদ হতে প্রকল্পসমূহের প্রস্তাব পাওয়া গেছে। তবে বরাদ্দের তুলনায় অনেক বেশি প্রকল্পের নাম পাঠানোর ফলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সাথে যোগাযোগ করে পুন:রায় সংশোধন করা হচ্ছে। প্রকল্প যাচাই বাছাই কমিটির সভার সিদ্ধান্তক্রমে আগামি সভায় চুড়ান্ত তালিকা অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।<br><br>(খ) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের সভা কক্ষ এবং মিলনায়তনের চেয়ার টেবিল ক্রয়ের নিমিত্ত ৩০০,০০০/- (তিনলক্ষ) টাকার প্রাক্কলন করা হয়েছে। তিনি সভায় বর্ণিত প্রাক্কলন অনুমোদনের নিমিত্ত পেশ করেন। | (ক) চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং উপজেলা রাজস্ব উন্নয়ন প্রকল্পের অধীন উপজেলার অত্যাবশকীয় বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্পসমূহ যাচাই বাছাই করে চুড়ান্ত অনুমোদনের জন্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) উপজেলা পরিষদের দাপ্তরিক কার্যক্রম সুচারুভাবে বাস্তবায়নের স্বার্থে উপজেলা পরিষদ সভা কক্ষ এবং মিলনায়তনের আসবাবপত্র ক্রয়ের নিমিত্ত প্রস্তুতকৃত ৩০০,০০০/- টাকার প্রাক্কলন অনুমোদনসহ আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা প্রকৌশলী |
| ৯ | দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ইজিপিপি কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে এবং বীর নিবাস নির্মাণ কাজের গুনগতমান নিশ্চিতকরাসহ দ্রুত সময়ের মধ্যে শেষ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সদর, লালমনিরহাট | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বর্তমানে লালমনিরহাট সদর এলএসডি এবং তিস্তা এলএসডি গোডাউনে পর্যাপ্ত ধান ও চাল মজুত রয়েছে। এ বছর আমন ধান ও চাল সংগ্রহ চলছে। তবে বাজারে সরকারি নির্ধারিত মূল্যের চাইতে ধানের বাজার মূল্য বেশি হওয়ায় কৃষক পর্যায়ে ধান গোডাউনে বিক্রি করার ক্ষেত্রে তেমন সারা পাওয়া যাচ্ছে না। ফলে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী লটারী ছাড়াও যে কোন কৃষক সরাসরি সরকারি গোডাউনে ধান সরবরাহ করতে পারবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | বিধিমোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে এবং ও এমএস কার্যক্রম নিয়মিতভাবে তদারকি করতে হবে। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী ডিলার নিয়োগ সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১ | উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বয়স্ক ভাতা, বিধবা ভাতাসহ অন্যান্য ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বিভিন্ন জটিলতা নিরসন করতে হবে। প্রয়োজনে তারিখ নির্ধারণ করে ইউনিয়ন পরিষদে গিয়ে ভাতাভোগীদের বিভিন্ন অভিযোগ নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১২ | উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, ভোটার তালিকা হালনাগাদের কার্যক্রম আগামী ১লা জানুয়ারি/২০২৫ থেকে শুরু হবে। এ বছর ১৫-১৬ বছর বয়সীরা এ কার্যক্রমে তালিকাভুক্ত হতে পারবেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ভোটার তালিকা হালনাগাদের বিষয়ে ব্যাপক প্রচার প্রচারনা চালাতে হবে। ভোটার তালিকায় কোন ভাবেই যেন রোহিঙ্গা অন্তর্ভুক্ত না হয় সে বিষয়ে আরো বেশি সচেতন থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | সহকারী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অফিস | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। |
| ১৪ | ভারপ্রাপ্ত কর্মকর্তার কার্যালয়, সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্র, সদর, লালমনিরহাট | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | এ উপজেলায় অবৈধ করাতকলগুলোর তালিকা করে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ফরেস্টার, বন বিভাগ |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, সদর লালমনিরহাট | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | সার্টিফিকেট মামলাগুলো নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| ১৬ | মহিলা বিষয়ক অধিদফতর | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর এর প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর |
| ১৭ | সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সদর লালমনিরহাট | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি বাস্তবায়নের লক্ষ্যে পানির উৎসের স্থান (টিউবওয়েলের সাইট) নির্বাচনের জন্য প্রকল্প পরিচালক এর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর গত ৩০/০৯/২০২৪খ্রি. তারিখের ৪৬.০৩.২৬০০.৫৪৫.১৪.০০১.২০-৪৮২৩ নং স্মারকের নির্দেশনা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশনা অনুযায়ী এ উপজেলায় ১০৮টি নলকুপ স্থাপনের তালিকা প্রস্তুত করা হয়েছে। তিনি সভায় বর্ণিত তালিকা অনুমোদনের জন্য পরিশিষ্ট্য "খ" মোতাবেক উপস্থাপন করেন। | সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি বাস্তবায়নের লক্ষ্যে পানির উৎসের নির্বাচিত ১০৮ স্থান (টিউবওয়েলের সাইট) অনুমোদন করা হলো। বর্ণিত কাজ নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং নিয়মিত তদারকি করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৮ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, সদর লালমনিরহাট | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে এবং খেলাপিঋন আদায়ে তৎপর হতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান অফিস, সদর লালমনিরহাট | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা লালমনিরহাট সদর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান ফিসার |
| ২০ | উপজেলা সমবায় কর্মকতার কার্যালয়, সদর লালমনিরহাট | উপজেলা সমবায় অফিসার, লালমনিরহাট সদর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ২১ | উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |

<table>
<tr><td>২২</td><td>সহকারী প্রকৌশলীর কার্যালয়, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, সদর লালমনিরহাট</td><td>সহকারী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় জানান যে, বর্তমানে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের আওতায় এ উপজেলায় ২৩টি গভীর নলকূপ, এলএসপি-০২টি চালু আছে। এছাড়া ইআইআর প্রকল্পের আওতায় নিম্নক্ত এলএলপি'র কার্যক্রম চলমান রয়েছে।
<table>
<tr><td>ইউনিয়ন</td><td>মৌজা</td><td>জেএল নং</td><td>দাগ নং</td><td>স্থানের নাম</td><td>নদীর নাম</td><td>মন্তব্য</td></tr>
<tr><td>রাজপুর</td><td>রাজপুর</td><td>৫৯</td><td>৫৪৫</td><td>রাজপুর বালাপাড়া</td><td>সতিনদী</td><td>বিদ্যুৎ</td></tr>
<tr><td>কুলাঘাট</td><td>খাটামারী</td><td>১০০</td><td>১৩৬২</td><td>খাটামারী</td><td>রত্নাই নদী</td><td>বিদ্যুৎ</td></tr>
<tr><td>গোকুন্ডা</td><td>রতিপুর</td><td>৬০</td><td>৮৯৯</td><td>রায়হানের মোড়</td><td>সতিনদী</td><td>বিদ্যুৎ</td></tr>
<tr><td>হারাটি</td><td>তালুক চোঙ্গাদারা</td><td>৩৬</td><td>৮৭৩/৮৭৩</td><td>তালুক চোঙ্গাদারা</td><td>সতিনদী</td><td>বিদ্যুৎ</td></tr>
</table>
তিনি সভায় আরো বলেন যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের সেচযন্ত্রের কমান্ড এরিয়ার মধ্যে মালিকানাধীন আবাসিক/অবৈধ সংযোগ দিয়ে সেচ প্রদানকৃত সেচ সংযোগগুলির অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করণের জন্য পবিস ও নেসকো কর্তৃপক্ষকে অনুরোধ জানান।</td><td>ক) মাঠ পর্যায়ে বরেন্দ্র কর্তৃক সেচ পাম্পগুলো যেন সচল থাকে তা সরজমিনে তদারকি করতে হবে।<br><br>খ) বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের সেচযন্ত্রের কমান্ড এরিয়ার মধ্যে মালিকানাধীন আবাসিক/অবৈধ সংযোগ দিয়ে সেচ প্রদানকৃত সেচ সংযোগগুলির অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করণের জন্য পবিস ও নেসকো কর্তৃপক্ষকে পত্র দিয়ে অনুরোধ জানাতে হবে।</td><td>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ</td></tr>
<tr><td>২৩</td><td>তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), সদর লালমনিরহাট</td><td>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, সভায় জানান যে, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক গত ১০/১২/২০২৪ তারিখে হারাটি ইউনিয়নের পূর্ব ঢাকনাই গ্রামে (০৬ নং ওয়ার্ড) ডিসেম্বর মাসের ১টি উঠান বৈঠক সম্পন্ন করা হয়। এছাড়া ডোর টু ডোর সেবা ও তথ্যকেন্দ্র থেকে বিভিন্ন চাকরীর আবেদন, প্রয়োজনীয় তথ্য প্রদান ও বিনামূল্যে মহিলাদের স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে।</td><td>ডোর টু ডোর সেবা প্রদান কার্যাবলী এবং উঠান বৈঠকে বালবিবাহ, নারী ও শিশু নির্যাতন, মাদক বিরোধী এজেন্ডা অন্তর্ভুক্ত করতে হবে।</td><td>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প</td></tr>
</table>

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

22.01.2025
(অভিজিত চৌধুরী)
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট
sadar.lalmonirhat.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৫২৫৫.০০০.০৫.০৭৪.২৪ - ৭১ (৪০)    তারিখ: ০৮ মাঘ ১৪৩১ / ২২ জানুয়ারি ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর
০২. জেলা প্রশাসক, লালমনিরহাট
০৩. উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট
০৪. উপজেলা............................অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৫. জনাব..............................লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৬. সহকারী প্রোগ্রামার, লালমনিরহাট সদর। তাকে (সভার কার্যবিবরনীটি উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

22.01.2025
(অভিজিত চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
লালমনিরহাট সদর, লালমনিরহাট
ফোন-০২৫৮৯৯৮৬৮৩৫ (অফিস)